দৈনিক বাংলা

তারিখ ... 18 JUL 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

২৯
৪০

# শিক্ষাকে জড়তামুক্ত করতে হবে ঃ কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, সরকার শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনতে বদ্ধপরিকর। শুধু ঘোষণা দিয়ে নয়, কাজের মাধ্যমে প্রেসিডেন্ট এরশাদের সরকার এই দৃঢ় অঙ্গীকারের প্রতি আন্তরিকতা ও নিষ্ঠার পরিচয় দিতে চায়।

তিনি বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র ও শিক্ষকদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন। কলেজ ছাত্র সংসদ নবাগত ছাত্র-ছাত্রীদের বরণ উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করে। অধ্যক্ষ ডঃ কিউ এ টি এম হাবীবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে সংসদ সদস্য এম আলী রেজা ও ছাত্র সংসদের সহ-সভাপতি আলমগীর রহমান লোটন বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার জন্য বিরামহীন সামাজিক আন্দোলন ছাড়া পশ্চাৎপদতা থেকে আমাদের মুক্তির পথ নাই। তবে, তিনি আশা প্রকাশ করে বলেন, জ্ঞান শিক্ষা বিজ্ঞান ও প্রযুক্তিতে জাতি হিসেবে আমাদের

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর) কাজী জাফর

সহজাত আকর্ষণ রয়েছে। একদা অতীশ দীপঙ্কর, এ ভূখন্ড থেকে জ্ঞানের প্রদীপ নিয়ে গিয়েছিলেন শ্যামদেশ ও চীনে। একদিন এদেশের ঘরে ঘরে বসতো জ্ঞানের মেলা।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত কাজী জাফর আহমদ বলেন, আমাদের শিক্ষানুরাগের সেই ঐতিহ্যকে উদ্ধার করতে হবে। 'বাল্যশিক্ষা'র সুবচনগুলোকে নির্বাসন থেকে ফিরিয়ে আনতে হবে। তিনি বলেন, আমাদের ভাবতে হবে আমাদের শিক্ষা ব্যবস্থা কি এগুচ্ছে, না পশ্চাৎবর্তী হচ্ছে, ভেবে দেখতে হবে পঞ্চান্ন হাজার বর্গমাইলে সাড়ে এগারো কোটি মানুষের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে আমরা আমাদের শিক্ষাকে যথোপযুক্ত করে তুলতে পারছি কিনা, শিক্ষার মানবিক উপাদানগুলোকে উপেক্ষা করে আমরা তাকে জড়পদার্থের খাঁচায় বন্দী করে রাখছি কিনা। এই প্রশ্নগুলোর জবাব আমাদের খুঁজে পেতে হবে, কারণ এর সাথে জড়িত আমাদের অস্তিত্বের প্রশ্ন।

কাজী জাফর আহমদ বলেন, প্রেসিডেন্ট এরশাদ এদেশের মানুষের নাড়ীর স্পন্দন অনুভব করতে পারেন বলে এবং তাদের সমস্যা সম্ভাবনার কথা সবচে' ভালো অনুভব করতে পারেন বলেই প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করে এ অঞ্চলে শিক্ষার ১৭০ বছরের ইতিহাস নতুন করে লিখেছেন।

প্রধানমন্ত্রী বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীতে সফল আমাদের হতেই হবে। যেখানে আমাদের অস্তিত্বের প্রশ্ন সেখানে ব্যর্থতার অবকাশ নাই। তিনি বলেন, প্রয়োজনে এদেশের ৭৩,০০০ সরকারী স্কুল-কলেজ-মাদ্রাসায় মর্নিং শিফট ও ডাবল-শিফট চালু করে দেশ থেকে নিরক্ষরতার অভিশাপ সমূলে উৎপাটন করা হবে। খবর তথ্য বিবরণীর।